বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা-১০০০।
**www. bb.org.bd**

এফইপিডি সার্কুলার লেটার নং-১৩

তারিখ ঃ আগস্ট ০২, ২০১৮ / শ্রাবন ১৮, ১৪২৫

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/ প্রিন্সিপাল অফিস ।

প্রিয় মহোদয়গণ,

**মেয়াদোত্তীর্ণ বিল অব এন্ট্রি ম্যাচিং এর সময়সীমা বৃদ্ধি সংক্রান্ত আবেদন নিষ্পত্তি প্রসংগে।**

গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশনস্-২০১৮, ভলিউম-১ এর অধ্যায় ৭, অনুচ্ছেদ ৩০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। আলোচ্য অনুচ্ছেদে প্রযোজ্য ক্ষেত্রে ১২০ দিনের অধিক সময়ের জন্য বিল অব এন্ট্রি ম্যাচিং এর সময়সীমা বর্ধিত করার আবেদন বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ ও বাংলাদেশ ব্যাংকের অন্যান্য অফিসে প্রেরণের নির্দেশনা রয়েছে।

২। এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, এখন হতে মেয়াদোত্তীর্ণ বিল অব এন্ট্রি ম্যাচিং এর সময়সীমা বৃদ্ধি সংক্রান্ত আবেদন বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট-এ দাখিল করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক এর অন্যান্য অফিস সমূহেও এ জাতীয় আবেদন দাখিল করা যাবে।

৩। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে। অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে সার্কুলার লেটারের বিষয়বস্তু সম্পর্কে অবহিত করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আবদুল মান্নান)
উপ-মহাব্যবস্থাপক
ফোন-৯৫৩০৩১৯